

চবিতে ভর্তি পরীক্ষা শুরু আজ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ২৭ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ-
অ
অ+

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের পাঁচ দিনব্যাপী ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আজ রবিবার থেকে। আজ 'বি' ইউনিটের (চার্কলা ইনসিটিউট, নাট্যকলা ও সংগীত ছাড়া কলা ও মানববিদ্যা অনুষদের সব বিভাগ) পরীক্ষা দুই শিফটে অনুষ্ঠিত হবে। এতে ১২২১টি আসনের বিপরীতে লড়বেন ৪২ হাজার চারজন শিক্ষার্থী। এদিকে পরীক্ষায় প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জানা গেছে, ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁস ও জালিয়াতি ঠেকাতে গতবারের মতো বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুটি শিফটে পরীক্ষা নেওয়া হচ্ছে।